(১) হযরত জারির ইবনে আবদুল্লাহ (রা) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা) কে এই মর্মে প্রশ্ন করেছিলাম যে, হঠাৎ যদি কোন মহিলার উপর দৃষ্টি নিপতিত হয়, তাহলে কি করতে হবে? হুযুর (সা) আমাকে নির্দেশ দিলেন যে, তুমি তোমার দৃষ্টিকে কালবিলম্ব না করে ফিরিয়ে নেবে। (মুসলিম)

وَعَنْ اِبْنِ مَسْعُوْدٍ (رض) عَنْ النَّبِيِّ (صلعم) قَالَ اَلْمَرْأَةُ عَوْرَةُ فَاِذَا خَرَجَتْ اِسْتَشْرَ فَهَا الشَّيْطَانُ - (ترمذى)

(২) ইবনে মাসউদ (রা) হতে বর্ণিত, নবী করীম (সা) বলেছেন, মহিলারা হল পর্দায় থাকার বস্তু। সুতরাং তারা যখন (পর্দা উপেক্ষা করে) বাইরে আসে, তখন শয়তান তাদেরকে (অন্য পুরুষের চোখে) সুসজ্জিত করে দেখায়। (তিরমিযী)

اِنَّ النَّظْرَ سَهَمٌ مِنْ سَهَمِ اِبْلِيْسَ مَسْمُوْمُ مَنْ تَرَكَهَا مَخَافَتِيْ اَبْدَلْتُهُ اِيْمَانًا يَجِدُ حَلاَوَتَهُ فِيْ قَلْبِه - (ترمذى)

(৩) দৃষ্টি তো ইবলীসের বিষাক্ত তীরগুলোর মধ্যে একটি। যে ব্যক্তি আমাকে ভয় করে এ দৃষ্টি ত্যাগ করবে, তার বিনিময়ে আমি তাকে এমন ঈমান দেব, যার স্বাদ সে অন্তরে অনুভব করতে পারবে। (তিরমিযী)

তাকওয়া

কুরআন

1. اِنَّ اَكْرَمَكُمْ عِنْدَ اللهِ اَتْقَكُمْ - اِنَّ اللهَ عَلِيْمٌ خَبِيْرٌ - (حجرات - 13)

উচ্চারণ: ইন্না আকরামাকুম ইন'দাল্লাহি আতকাকুম, ইন্নাল্লাহা আ'লীমুন খাবীর।

(১) নিশ্চয়ই আল্লাহর নিকট তোমাদের মধ্যে সেই ব্যক্তি অধিক সম্মানিত, যিনি তোমাদের মধ্যে সর্বাধিক আল্লাভীরু। নি:সন্দেহে আল্লাহ সবকিছু জানেন এবং সব বিষয়ে অবহিত। (সূরা-হুজরাত : ১৩)

يَاَيُّهَا الَّذِيْنَ امَنُوْا اتَّقُوْ اللهَ حَقَّ تُقَاتِه وَلاَ تَمُوْتُنَّ اِلاَّ وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ - (ال عمران - 102)

amarboi.org

amarboi.org

উচ্চারণ: ইয়া আইয়ুহাল্লাযীনা আমানূতু তাকাল্লাহা হাক্কা তুকাতিহী ওয়া লা তামূতুন্না ইল্লা ওয়া আনতুম মুসলিমূন।

(২) হে ঈমানদারগণ! আল্লাহকে ভয় কর, তাকে যেরূপ ভয় করা উচিত। তোমরা মুসলমান না হয়ে মৃত্যুবরণ করো না। (সূরা আলে ইমরান : ১০২)

وَمَاآتَكُمْ الرَّسُوْلُ فَخُذُوْهُ وَمَانَهَكُمْ عَنْهُ فَانْتَهُوَا وَاتَّقُوْا اللهَ اَنَّ اللهَ شَدِيْدُ الْعِقَابِ ـ (الحشر : 7)

উচ্চারণ: ওয়া মা আতাকুমুর রাসূল ফাখযূহু ওয়া মা নাহাকুম আ'নহু ফানতাহূ ওয়াত্তাকুল্লাহা ইন্নাল্লাহা শাদীদুল ই'কাব।

(৩) রাসূল তোমাদের যা দান করেন তা তোমরা গ্রহণ কর। আর যা নিষেধ করেন তা হতে বিরত থাক। আল্লাহকে ভয় কর, নিশ্চয়ই আল্লাহ কঠিন শাস্তিদাতা (সূরা হাশর : ৭)

অনুসন্ধান করুন : (সূরা মায়েদা : ৪, ৭, সূরা : ১৮, সূরা আযহাব : ৭০)

يَاَيُّهَا الَّذِيْنَ امَنُوْا لِمَ تَقُوْلُوْنَ مَالاَ تَفْعَلُوْنَ ـ كَبُرَ مَقْتًا عِنْدَ اللهِ اَنْ تَقُوْلُوْا مَالاَ تَقُوْلُوْا مَالاَ تَفْعَلُوْنَ ـ (الصف : 2,3)

উচ্চারণ: ইয়া আইয়ুহাল্লাযীনা আমানূ লিমা তাকূলূনা মালা তাফআলূন। কাবুরা মাকতান ই'নদাল্লাহি আন তাকূলূ তাফআ'লূন। (৪) হে ঈমানদারগণ! তোমরা যা করো না, তা তোমরা কেনো বলো? আল্লাহর কাছে এটা খুবই অপছন্দনীয় যে, তোমরা যা করো না তা তোমরা বলো। (সূরা ছফ : ২,৩)

হাদীস

عَنْ عَطِيَّةَ السَّعْدِيْ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهِ (ص) يَبْلُغُ الْعَبْدُ اَنْ تَكُوْنَ مِنَ الْمُتَّقِيْنَ حَتّٰى يَدَعَ مَالاَ بَاسَ به حَذَرًا لِّمَا به بَاسَ ـ (ترمذي ـ ابن ماجه)

(১) আতিয়া আস-সাদী (রা) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সা) বলেছেন, কোন ব্যক্তি পাপ কাজ জড়িয়ে পড়ার আশঙ্কায় যেসব কাজে গুনাহ নেই তা পরিত্যাগ না করা পর্যন্ত খোদাভীরু লোকদের শ্রেণীভূক্ত হতে পারে না। (তিরমিযী, ইবনে মাজাহ)

عَنْ عَائِشَةَ (رض) اَنَّ رَسُوْلَ اللهَ (صلعم) قَالَ يَاعَائِشَةُ اِيُّاكَ وَمُحَقَّرَاتِ الذُّنُوْبِ فِاِنَّ لَهَا مِنَ اللهِ طَالِبًا ـ (ابن ماجة)

(২) হযরত আয়েশা (রা) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা) বলেছেন, হে আয়েশা! ক্ষুদ্র ও নগণ্য গুনাহ থেকে ও আত্মরক্ষা করে চলবে। কারণ আল্লাহর দরবারে সেগুলো সম্পর্কেও জিজ্ঞাসাবাদ করা হবে। (ইবনে মাজাহ)

عَنْ اَبِيْ هُرَيْرَةَ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) اَلْمُسْلِمُ اَخُوْالْمُسْلِمُ الاَ يَظْلِمُهُ وَلاَ يَخْذُلُهُ وَلاَيَحْقِرُهُ التَّقْوي هٰهُنَا وَيُشِيْرُ اِلى صَدْرِه ثَلثَ مِرَارِ بِحَسْبِ اِمْرِءٍ مِنَ الشَّرِاَنْ يُّحْقِرَ اَخَاهُ الْمُسْلِمِ كُلُّ الْمُسْلِمِ عَلي الْمُسْلِمِ حَرَامُ دَمُه وَمَالُه عِرْضُه ـ

(৩) আবু হুরায়রা (রা) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা) বলেছেন, মুসলমান মুসলমানের ভাই। সে তার উপর যুলুম করবে না, তাকে অসহায় অবস্থায় পরিত্যাগও করবে না এবং তাকে তুচ্ছ জ্ঞান করবে না। তিনি নিজের বুকের দিকে ইশারা করে বলেন, তাকওয়া এখানে, তাকওয়া এখানে,

amarboi.org

amarboi.org

তাকওয়া এখানে। কোল লোকের নিকৃষ্ট সাব্যস্ত হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে তার মুসলিম ভাইকে তুচ্ছ জ্ঞান করে। প্রতিটি মুসলমানের জীবন, ধন-সম্পদ ও মান-সম্মান সকল মুসলমানের সম্মানের বস্তু (এর উপর হস্তক্ষেপ করা তাদের জন্য হারাম)। (মুসলিম)

আনুগত্য

কুরআন

يَاَيُّهَا االَّذِيْنَ اَمَنُوا اَطِيْعُوْا اللهَ وَاَطِيْعُوْا الرَّسُوْلَ وَاُولِيْ الاَمْرِ مِنْكُمْ - (نساء :59)

উচ্চারণ: ইয়া আইয়ুহাল্লাযীনা আমানূ আতিক'ল্লাহা ওয়া আতিউ'র রাসূলা ওয়া উ'লিল আমরি মিনকুম।

(১) হে মুমিনগণ! তোমরা আল্লাহর আনুগত্য কর, রাসূলের আনুগত্য কর এবং তোমাদের মধ্যে থেকে যে উকিল আমর তার আনুগত্য কর। (সূরা নিসা : ৫৯)

وَمَنْ يُّطِعِ اللهَ وَرَسُوْلَه يُدْخِلْهُ جَنَّتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الاَنْهَارُ خَلِدِيْنَ فِيْهَا - وَذَلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ - (نساء : 13)

উচ্চারণ: ওয়া মাই ইয়ুতিয়ি'ল্লাহা ওয়া রাসূলাহূ ইয়ুদখিলহু জান্নাতিন তাজরী মিন তাহতিহাল আনহারি খালিদীনা ফীহা, ওয়া যালিকাল ফাউযুল আযীম।

(২) যে ব্যক্তি আল্লাহ এবং তাঁর রাসূলের আনুগত্য করবে, আল্লাহ তাকে এমন জান্নাতে দাখিল করবেন যার নির্দেশ হতে ঝর্ণাধারা প্রবাহিত হতে থাকবে এবং তারা অনন্তকাল তাতে অবস্থান করবে। আর প্রকৃতপক্ষে তাই হচ্ছে বিরাট সফলতা। (সূরা : নিসা :১৩)

وَاَطِيْعُوْا اللهَ وَالرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ - امران : 132)

উচ্চারণ: ওয়া আতীউ'ল্লাহ ওয়াররাসূলা লাআ'ল্লাকুম তুরহামূন।

(৩) এবং আল্লাহ ও রাসূলের হুকুম মেনে নাও, যাতে দয়া করা যায়। (সূরা আলে ইমরান : ১৩২)

وَمَنْ يُّطِعِ اللهَ وَرَسُوْلَه وَيَخْشَ اللهَ وَيَتَّقْهِ فَاُوْلئِكَ هُمْ الْفَائِزُوْنَ - (النور : 52)

উচ্চারণ: ওয়া মাই ইয়ুতিয়ি'ল্লাহা ওয়া রাসূলাহূ ওয়া ইয়াখশাল্লাহা ওয়া ইয়াতকহি ফাউলাইকা হুমুল ফাইযুন।

(৪) আর যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করে এবং আল্লাহকে ভয় করে এবং তাঁর নাফরমানী হতে দূরে থাকে এসব লোকই সফলকাম হবে। (সূরা আন-নূর : ৫২)

وَاَنْ تُطِيْعُوْهُ تَهْتَدُوْا - وَمَا عَلَى الرَّسُوْلِ اِلاَّ الْبَلَغُ الْمُبِيْنَ -

উচ্চারণ: ওয়া ইন-তুতীউ'হু তাহতাদূ, ওয়া মা আ'লার রাসূলি ইল্লাল বালাগুল মুবীন।

(৫) যদি তোমরা রাসূলের আনুগত্য কর, তাহলে হেদায়েতপ্রাপ্ত হবে। রাসূলের দায়িত্ব তো শুধুমাত্র দ্বীনের দাওয়াত সুস্পষ্টভাবে পৌঁছিয়ে দেয়া। (সূরা আন-নূর : ৫৪)

অনুসন্ধান করুন (সূরা নিসা : ৬৫, সূরা মুহাম্মাদ : ৩, সূরা মায়েদা : ২)

amarboi.org

amarboi.org

হাদীস

عَنْ اَبِيْ هُرَيْرَةَ (رض) اَنَّ رَسُوْلُ اللهَ (ص) قَالَ مَنْ اَطَاعَنِيْ دَخَلَ الْجَنَّة وَمَنْ عَصَانِيْ فَقَدْ اَبِيْ - (بخاري)

(১) হযরত আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত, রাসূল (সা) বলেছেন, যে ব্যক্তি আমার আনুগত্য করলো সে জান্নাতে প্রবেশ করলো, আর যে ব্যক্তি আমার বিরোধিতা করলো সে আমাকে অস্বীকার করলো। (বুখারী)

عَنْ عَلِيٍّ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهَ (صلعم) لاَ طَاعَةَ فِيْ مَعْصِيْةِ اِنَّمَا الطَّاعَةُ فِيْ الْمَعْرُوْفِ - (بخاري - مسلم)

(২) হযরত আলী (রা) বলেন, নবী করীম (সা) বলেছেন, গোনাহের কাজে কোন আনুগত্য নেই, আনুগত্য শুধু নেক কাজের ব্যাপারে। (বুখারী, মুসলিম)

قَالَ رَسُوْلُ اللهَ (ص) مَنْ اَطَاعَنِيْ فَقَدْ اَطَعَ اللهَ وَمَنْ عَصَانِيْ فَقَدْ عَصَا اللهُ وَمَنْ يُّطِعِ الاَمِيْرَ فَقَدْ اَطَاعَنِيْ وَمَنْ عَصَي الاَمِيْرَ فَقَدْ عَصَانِيْ - (متفق عليه)

(৩) রাসূলুল্লাহ (সা) বলেন, যে আমার এতায়াত বা আনুগত্য করল সে আল্লাহরই আনুগত্য করল। আর যে আমার হুকুম অমান্য করল সে আল্লাহর হুকুমই অমান্য করল। যারা আমীরের আনুগত্য করল তারা আমার আনুগত্য করল। আর যারা আমীরের আদেশ অমান্য করল সে প্রকৃতপক্ষে আমারই আদেশ অমান্য করল। (বুখারী, মুসলিম)

বাইয়াত

কুরআন

اِنَّ اللهَ اشْتَرٰي مِنَ الْمُؤْمِنِيْنَ اَنْفُسِهُمْ وَاَمْوَالَهُمْ بِاَنَّ لَهُمُ الْجَنَّةَ ط يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللهِ فِي سَبِيْلِ اللهَ فَيَقْتُلُوْنَ وَيُقْتَلُوْنَ قف وَعْدًا عَلَيْه حَقًّا فِي التَّوْرٰةِ وَالاِنْجِيْلِ وَالْقُوْاٰنِ ط وَمَنْ اَوْفٰي بِعَهْدِه مِنَ اللهَ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمْ الَّذِيْ بَايَعْتُمْ بِه ط وَذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ -

উচ্চারণ : ইন্নাশাহাশতারা মিনাল মু’মিনীনা আনফুছাহুম অআমওয়ালাহুম বিআন্না লাহুমুল জান্নাহ, ইয়ুক্বাতিলূনা ফী সাবীলিল্লাহি ফাইয়াক্বতুলূনা। অইয়ুক্বতালূন: অ’দান আলাইহি হাক্কান ফিত তাওরাতি অল ইনজীলি অলকুরআন; অমান আওফা বি’আহদিহী মিনাল্লাহি ফাছাতাবশিরূ বিবাই’ইকুমুল্লাযী বাইয়া’তুম বিহী; অযালিকা হুয়াল ফাওযুল আযীম।

(১) নিশ্চয় আল্লাহ খরিদ করে নিয়েছেন মুমিনদের থেকে তাদের জ্ঞান ও তাদের মাল এর বিনিময়ে যে, অবশ্যই তাদের জন্য রয়েছে জান্নাত। তারা যুদ্ধ করে আল্লাহর পথে, কখনও হত্যা করে এবং কখনও নিহত হয়। তাওরাত ও কুরআনে এ সম্পর্কে সত্য ওয়াদা রয়েছে। আল্লাহর চাইতে নিজের ওয়াদা অধিক পালনকারী আর কে আছে? সুতরাং তোমরা আনন্দ কর তোমাদের সে সওদার জন্য যা তোমরা তাঁর সাথে করেছ। আর তা হল বিরাট সাফল্য।

اِنَّ الَّذِيْنَ يُبَايِعُوْنَكَ اِنَّمَا يُبَايِعُوْنَ اللهَ - يَدُ اللهَ فَوْقَ اَيْدِيْهِمْ -

উচ্চারণ : ইন্নাযীনা ইয়ুবায়িউ’নাকা ইন্নামা ইয়ুবায়িই’নাল্লাহা, ইয়াদুল্লাহি ফাওকা আইদিহিম।

amarboi.org

amarboi.org

(১) হে রাসূল! যেসব লোক আপনার নিকট বাইয়াত হচ্ছিল, তারা আসলে আল্লাহর নিকটই বাইয়াত হচ্ছিল। তাদের হাতের উপর আল্লাহর কৃদরতের হাত ছিল।

لَقَدْ رَضِيَ اللهَ عَنِ الْمُؤْمِنُوْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ -

উচ্চারণ: লাকাদ রাদিয়াল্লাহু আ'নিল মু'মিনীনা ইয ইয়ুবায়িউ'নাকা তাহতাশ শাজারাহ।

(২) হে রাসূল! আল্লাহ মুমিনদের উপর সন্তুষ্ট হয়েছেন যখন তারা গাছের নীচে আপনার নিকট বাইয়াত হচ্ছিল। (সূরা ফাতহ : ১৮)

فَلْيُقَاتِلْ فِيْ سَبِيْلِ اللهِ الَّذِيْنَ يَشْرُوْنَ الْحَيوَةَ الدُّنْيَا بِالاٰخِرَةِ - وَمَنْ يُّقَاتِلْ فِيْ سَبِيْلِ اللهِ فَيُقْتَلْ اَوْيَغْلِبْ فَسُوْفَ نُؤْتِيْهِ اَجْرًا عَظِيْمَا -

উচ্চারণ: ফালইয়ুকাতিল ফী সাবীল্লাযীনা ইয়াশরূনাল হায়াতাদ দুনইয়া বিলআখিরাতি, ওয়া মাই ইয়ূকাতিল ফী সাবীলিল্লাহি ফালইয়াকতুল আও ইয়াগলিব ফাসাওফা নু'তীহি আজরান আযীমা।
(৩) আল্লাহর পথে লড়াই করা উচিত তাদের যারা দুনিয়ার জীবনকে বিক্রি করে দেয় আখিরাতের বিনিময়ে। আর যারা আল্লাহর পথে শহীদ হয় অথবা গাজী হয় উভয়কে আমি সীমাহীন প্রতিবাদ দেবো। (সূরা নিসা : ৭৪)

بَلٰى مَنْ اَوْفٰى بِعَهْدِهٖ وَاتَّقٰى فَاِنَّ اللهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ -

উচ্চারণ: বালা মান আওফা'হদিহী ওয়াত্তাকা ফাইন্নাল্লাহা ইয়ুহিব্বুল মুত্তাকীন।

(৪) যে ব্যক্তি তার ওয়াদা (প্রতিশ্রুতি) পূর্ণ করবে এবং তাকওয়ার নীতি অবলম্বন করবে, সে আল্লাহ পাকের প্রিয়জন হবে। আর নিশ্চিতভাবে আল্লাহ পাক মুত্তাকীদের ভালবাসেন। (সূরা আলে ইমরান : ৭৬)

হাদীস

عَنْ اِبْنِ عُمَرَ (رض) عَنِ النَّبِيْ (صلعم) قَالَ مَنْ مَاتَ وَلَيْسَ فِيْ عُنُقِهٖ بَيْعٌ مَاتَ مَيْتَةً جَاهِلِيَّةً - (مسلم)

(১) হযরত আবদুল্লাহ ইবনে উমর (রা) রাসূলে পাক (সা) হতে বর্ণনা করেছেন, তিনি বলেন,যে ব্যক্তি বাইয়াতের বন্ধন ছাড়াই মারা গেল সে জাহিলিয়াতের মৃত্যুবরণ করল। (মুসলিম)

عَنْ عَبْدِ اللهِ بْنْ دِيْنَارٍ (رض) اَنَّهُ سَمِعَ اللهِ بْنْ عُمَرَ (رض) يُقَوْلُ كُنَّا نَبَايِعْ رَسُوْلُ اللهِ (صلعم) عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ يَقُوْلُ لَنَا فِيْهَا اِسْتَطَيْعْتُمْ - (مسلم)
(২) আব্দুল্লাহ ইবনে দিনার (রা) হতে বর্ণিত, তিনি হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রা) কে বলতে শুনেছেন যে, আমরা রাসূল (সা) এর কাছে বাইয়াত গ্রহণ করতাম, শ্রবণ ও আনুগত্যের উপর এবং তিনি আমাদের সামর্থ্য উক্ত আমল করার অনুমতি দিয়েছেন। (মুসলিম)

amarboi.org

amarboi.org

মুমিনের গুণাবলী

কুরআন

اِنَّمَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِيْنَ اِذَا دَعُوْا اَلَى اللهِ وَرَسُوْلِه لِيَحْكُمَ بَيْنَهُمْ اِنْ يَّقُوْلُوْا سَمِعْنَا وَاَطَعْنَا - وَاُولٰئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ -

উচ্চারণ: ইন্নামা কানা কাওয়াল মু'মিনীনা ইযা দাউ' ইলাল্লাহি ওয়া রুসূলিহী লিইয়াহকুমা বাইনাহুম আন ইয়াকূলূ সামি'না ওয়া আতা'না, ওয়া উলায়িকা হুমুল মুফলিহূন।

(১) মুমিনদের বৈশিষ্ট্য এই যে, যখন তাদের মাঝে ফায়সালার জন্যে আল্লাহ ও রাসূলের (বিধানের) প্রতি ডাকা হয়, তখন বলেন, আমরা শুনলাম ও মেনে নিলাম। আর এরূপ লোকেরাই প্রকৃত সফলকাম। (সূরা আন-নূর : ৫১)

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَتَطْمَئِنُّ قُلُوْبُهُمْ بِذِكْرِ اللهِ اَلاَ بِذِكْرِ اللهِ تَطْمَئِنُّ الْقُلُوْبُ -

উচ্চারণ: আল্লাযীনা ওয়া তাতমাইন্নু কুলূবুহুম বিযিকরিল্লাহি আলা বিযিকরিল্লাহি তাতমাইনুল কুলূব।

(২) যারা মুমিন আল্লাহর স্মরণে তাদের অন্তর প্রশান্তি লাভ করে। (প্রকৃতপক্ষে আল্লাহর স্মরণ দ্বারাই অন্তরে প্রশান্তি এসে থাকে।) জেনে রেখ, আল্লাহর স্মরণ আসলে সেই জিনিস যার দ্বারা দিল পরম শান্তি ও স্বস্তি লাভ করে থাকে। (সূরা রা'দ : ২৮)

لاَيَتَّخِذِ الْمُؤْمِنُوْنَ الْكَفِرِيْنَ اَوْلِيَاءَ مِنْ دُوْنَ الْمُؤْمِنِيْنَ -

উচ্চারণ: লা ইয়াত্তাখিযিল মু'মিনীনাল কাফিরীনা আওলিয়া মিন দূনিল মু'মিনীন।

(৩) মুমিনের বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে যে, তারা মুমিন ছাড়া কাফেরদেরকে কখনো নিজেদের বন্ধু পৃষ্ঠপোষক বানায় না (সূরা আলে ইমরান : ২৮)

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ اِخْوَةٌ -

উচ্চারণ: ইন্নামাল মু'মিনূনা ইখয়াতুন।

(৪) মুমিনের বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে যে, তারা একে অপরের ভাই। (সূরা হুজরাত : ১০)

আরো দেখুন : সূলা আনফাল : ২, সূরা ইমরান ; ১৬০, সূরা হুজরাত : ৫।

হাদীস

عَنْ اَبِىْ هُرَيْرَةَ (رض) رسُوْلَ اللهِ (صلعم) قَالَ الْمُؤْمِنُ مَالِفُ وَلاَخَيْرَ فِيْمَنْ لاَيَالِفُ وَلاَيُوْلَفُ -

(১) হযরত আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত, রাসূল (সা) বলেছেন, মুমিন মহব্বত ও দয়ার প্রতীক। ঐ ব্যক্তির মধ্যে কোন কল্যাণ নেই, যে কারো সাথে মহব্বত রাখে না এবং মহব্বত প্রাপ্ত হয় না। (বুখারী)

عَنْ اِبْنِ عَبَّاس (رض) قَالَ سَمَعْتُ رَسُوْلَ اللهَ (صلعم) يَقُوْلُ لَيْسَ الْمُؤْمِنُ بَالَّذِيْ يَشْبَعُ وَجَارَهُ جَائِعُ اِلى جَنْبِهِ -

amarboi.org

amarboi.org

(২) হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল (সা) কে বলতে শুনেছি : সে ব্যক্তি মুমিন নয়, যে পেট পুরে খায়, অথচ পাশেই তার প্রতিবেশী ক্ষুধার যাতনায় ভুগে।

عَنْ اَبِيْ هُرَيْرَةَ (رض) قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) لاَيُلْدَغُ الْمُؤْمِنُ مِنْ جُحْرٍ وَّاحِدٍ مَّرَّتَيْنَ -

(৩) হযরত আবু হুরায়রা (রা) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা) বলেছেন, মুমিন এক গর্তে দু'বার নিপতিত হয় না। (বুখারী, মুসলিম)

عَنِ النُّعْمَانَ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) الْمُؤْمِنُوْنَ كَرَجُلٍ وَّاحِدٍ اِنِ اشْتَكَي عَيْنُهُ اِشْتَكَي كُلُّهُ اِنْ اِشْتَكَي رَأسَهُ اِشْتَكَى كُلُّهُ -

(৪) হযরত নু'মান (রা) থেকে বর্ণিত, রাসূল (সা) বলেছেন, সমস্ত মুমিন একই ব্যক্তি সত্তার মত। যখন তার চোখে যন্ত্রণা হয়, তখন তার গোটা শরীরেই তা অনুভব করে। যদি তার মাথা ব্যাথা হয় তাতে তার গোটা শরীরই বিচলিত হয়ে পড়ে। (মিশকাত)

গীবত

কুরআন

يَاَيُّهَا الَّذِيْنَ امَنُوْا اِجْتَنِبُوْا مِّنَ الظَّنِّ - اِنَّ بَعْضَ الظَّنِّ اِثْمٌ وَّلاَ تَجَسَّسُوْا وَلاَيَغْتَبْ بَّعْضُكُمْ بَعْضًا اَيُحِبُّ اَحَدُكُمْ اَنْ يَّاكُلَ لَحْمَ اَخِيْهِ مَيْتًا فَكَرِهْتُمُوْهُ - وَاتَّقُوْا اللهَ اِنَّ اللهَ تَوَّبٌ رَّحِيْمٌ -

উচ্চারণ: ইয়া আইয়াহাল্লাযীনা আমানূজতানিবূ কাছীরাম মিনায যান্নি, ইন্না বা'দায যান্নি ইছমুন ওয়া লা তাজাসসাসূ ওয়া লা ইয়াগতাব বা'দুকুম বা'দান আইয়হিব্বু আহাদুকুম আই ইয়া'কুলা লাহমা আখীহি মাইতান ফাকারিহতুমূহু, ওয়াত্তাকুল্লাহা ইন্নাল্লাহা তাওওয়াবুর রাহীম।
(১) হে ঈমানদারগণ! লোকেরা, তোমরা অনেকটা ধারণা পোষণ হতে বিরক্ত থেকো, কেননা কোন কোন ধারণা পাপ হয়ে থাকে। তোমরা একে অপরের গোপনীয় বিষয় খোঁজাখুজি করো না। আর একে অন্যের গীবত করো না, তোমাদের মধ্যে এমন কেউ আছে কি, যে তার মৃত ভাইয়ের গোশতা খাওয়া পছন্দ করে? তোমরা নিজেরাইতো তার প্রতি ঘৃণা পোষণ করে থাকো। আল্লাহকে ভয় কর, আল্লাহ খুব বেশী তওবা কবুলকারী এবং দয়াবান। (সূরা হুজরাত : ১২)

لاَيُحِبُّ اللهَ الْجَهْرَ بَاسُّوْءِ مِنَ الْقَوْلِ اِلاَّ مَنْ ظُلِمَ -

উচ্চারণ: লা ইয়ুহিব্বুল্লাহুল জাহরা বিসসূয়ি মিনাল কাওলি ইল্লা মান যুলিম।

(২) আল্লাহ মন্দ কথা প্রকাশ করা ভালবাসেন না, তবে কারো উপর যুলুম করা হয়ে থাকলে অন্য কথা। (সূরা নিসা: ১৪৮)

amarboi.org

amarboi.org

হাদীস

عَنْ اَبِيْ هُرَيْرَةَ (رض) اَنَّ رَسُوْلَ اللهِ (صلعم) قَالَ اَتَدْرُوْنَ مَاالْغِيْبَةُ قَالُوْا اَللهُ وَرَسُوْلُهُ اَعْلَمُ قَالَ ذِكْرُكَ اَخَاكَ بِمَا يَكْرَهُ قِيْلَ اَفَرَءَيْتَ اِنْ كَانَ فِيْ اَخِيْ مَاَاقُوْلُ؟ قَالَ اِنْ كَنَا فِيْهَ مَاتَقُوْلُ فَقَدْ اِغْتَبْتَه' وَاِنْ لَّمْ تَكُنْ فِيْهِ مَاتَقُوْلُ فَقَدْ بَهَتَّهُ ـ

(১) হযরত আবু হুরায়রা (রা) হতে বর্ণিত, একদা নবী করীম (সা) বললেন, তোমরা কি জান, গীবত কাকে বলে? সাহাবীরা জওয়াব দিলেন আল্লাহ এবং তাঁর রাসূলই সবচেয়ে ভাল জানেন। হুজুর (সা) বললেন গীবত হল তুমি তোমার মুসলমান ভাইয়ের বর্ণনা.....(সা) কে প্রশ্ন করা হল, হে আল্লাহর নবী! আমি যা কিছু বলব তা যদি আমার ভাইয়ের মধ্যে পাওয়া যায় সেক্ষেত্রেও কি তা গীবত হবে? রাসূল (সা) জওয়াব দিলেন তুমি যা বলছ তা যদি তার মধ্যে পাওয়া যায় তাহলে সেটা হবে গীবত। আর যদি না পাওয়া যায় তাহলে হবে বোহতান। (মুসলিম)

আল্লাহর পথে অর্থ ব্যয়/বায়তুলমাল

কুরআন

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا اَنْفِقُوْا مِمَا رَزَقْنَكُمْ مِنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لاَّبَيْعٌ فِيْهِ وَلاَخُلَّةٌ وَّلاَشَفَاعَةٌ ـ

উচ্চারণ : ইয়া আইয়ুহাল্লাযীনা আমানূ আনফিক মিম্মা রাযাকনাকুম মিন কাবলি আই ইয়অতিইয়া ইয়াওমুল লা বাইউন ফীহি ওয়া লা খুল্লাতুও ওয়া লা শাফাআহ।

(১) হে মুমিনগণ! তোমরা দান কর; আমি যা তোমাদেরকে দিয়েছি তা থেকে সেদিন আসার পূর্বেই যেদিন বেচাকেনা, কোন বন্ধুত্ব এবং কোন সুপারিশ চলবে না। (সূরা বাকারা : ২৪৫)

اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ فِيْ السَّرَّاءِ وَالضَّرَّاءِ وَالْكظِمِيْنَ الْغِيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ ـ وَاللهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ـ

উচ্চারণ: আল্লাযীনা ইউনফিকূনা ফিস সাররায়ি ওয়াদদাররায়ি ওয়ালকাযিমীনাল গাইয়া ওয়াল আফীনা আনিস নাসি, ওয়াল্লাহু ইয়ুহিব্বুল মুহসিনীন।

(২) যারা সচ্ছল অবস্থায় ও অসচ্ছল অবস্থায় দান করে, যারা ক্রোধ নিয়ন্ত্রিণ করে এবং যারা মানুষকে ক্ষমা করে, এসব নেককার লোককেই আল্লাহ ভালবাসেন। (সূরা আলে ইমরান : ১৩৪)

وَلاَيُنْفِقُوْنَ نَفَقَةً صَغِيْرَةً وَّلاَكَبِيْرَةً وَّلاَيَقْطَعُوْنَ وَدِياً اِلاَّ كُتِبَ لَهُمْ لِيَجْزِيَهُمُ اللهُ اَحْسَنَ مَاكَانُوْا يَعْمَلُوْنَ ـ

উচ্চারণ: ওয়া লা ইউনফিকূনা নাফাকাতান ছাগীরাতাও ওয়া লা কাবীরাতাও ওয়া লা ইয়াকতাউনা ওয়াদিয়ান ইল্লা কুতিবা লাহুম লিইয়াজযিইয়াহুমুল্লাহ আহসানা মা কানূ ইয়ামালুন।

(৩) তারা অল্প বা বেশী যা কিছু খরচ করুক না কেন কিংবা কোন উপত্যকাই অতিক্রম করুক না কেন এসব তাদের নামে রেকর্ড করা হয় যাতে তারা যা করেছে তার সর্বোত্তম প্রতিদান আল্লাহ তাদের দিতে পারেন। (সূরা তওবা : ১২১)

amarboi.org

amarboi.org

وَاَنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللهَ وَلاَتُلْقُوْا بِاَيْدِيْكُمْ اِلَى التَّهْلُكَةِ وَاَحْسِنُوْا ـ اِنَّ اللهَ يُحِبُّ الْمُحْسَنِيْنَ ـ

উচ্চারণ: ওয়া আনফিকূ ফী সাবীলিল্লাহি ওয়া লা তুলকূ বিআইদিকুম ইলাত তাহলুকাতি, ওয়া আহসিনূ, ইন্নাল্লাহা ইয়ুহিব্বুল মুহসিনীন।

(৪) খরচ কর আল্লাহর পথে, নিজের হাতে নিজকে ধ্বংসের মুখে ঠেলে দিও না। উত্তমরূপে নেক কাজ আঞ্জাম দাও। এভাবে যারা নেক কাজ উত্তমরূপে আঞ্জাম দিতে যত্নবান আল্লাহ তাদের অবশ্যই ভালবাসেন। (সূরা বাকারা : ১৯৫)

اِنْ تُقْرِضُوْا اللهَ قَرْضًا حَسَنًا يُضعِفْهُ لَكُمْ وَيَغْفِرْلَكُمْ ـ

উচ্চারণ : ইন তুকরিদুল্লাহ কারদান হাছানা ইউদোয়াইফিহু লাকুম ওয়া ইয়াগফিরি লাকুম।

(৫) আল্লাহকে যারা উত্তম ঋণ দান করে, আল্লাহ তাদেরকে কয়েক গুণ বাড়িয়ে দেন এবং তাদেরকে ক্ষমা করেন। (সূরা তাগাবুন : ১৬)

হাদীস

عَنْ اَبِيْ هُرَيْرَةَ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهَ (صلعم) مَامِن يَّوْمٍ يُّصْبِحُ الْعِبَادُ اِلاَّ مَكَانَ يَنْزِلاَنِ فِيْقُوْلُ اَحَدَكُمْ اَللّٰهُمَّ اَعْطِيْ مُنْفِقًا خَلَفًا وَيَقُوْلُ الاٰخِرُ اَعْطِ مُمْسِكًا تَلَفًا ـ

১) হযরত আবু হুরায়রা (রা) বলেন, রাসূল (সা) বলেছেন, যখনই আল্লাহর বান্দারা প্রত্যুষে ত্যাগ করে তখনই দুজন ফিরিশতা অবতীর্ণ হয়। তার মধ্যে একজন বলতে থাকেন হে আল্লাহ, তুমি দানকারীকে প্রতিদান দাও। আর অন্যজন বলতে থাকেন হে আল্লাহ! কৃপণ ব্যক্তিকে ধ্বংস কর। (বুখারী,মুসলিম)

عَنْ اَبِيْ يَحْيَي خَرِيْمِ اِبْنِ فَاتِكٍ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) مَنْ اَنْفَقَ نَفَقَةً فِيْ سَبِيْلِ اللهِ كُتِبَ لَهُ سَبْعَ مِائَةً ضُعْفِ ـ

(২) আবু ইয়াহইয়া খারীম ইবনে ফাতিক (রা) হতে বর্ণিত, তিনি বলেন রাসূল (সা) বলেছেন, যে আল্লাহর পথে একটি জিনিস দান করলো, তার জন্য সাতশত গুণ সওয়াব লিখা হবে। (তিরমিযী)

عِنْ اِبْى هُرَيْرَةَ (رض) قَالَ قَالَ رَسُوْلَ اللهِ (صلعم) قَالَ اللهُ تَعَالِي اَنْفِق يَا اِبْنَ ادَمَ اُنْفِقُ عَلَيْكَ ـ

(৩) হযরত আবু হুরায়রা (রা) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (সা) বলেছেন আল্লাহ বলেন, হে আদম সন্তান! তুমি দান করতে থাক আমিও তোমাকে দান করব। (বুখারী, মুসলিম)

amarboi.org

amarboi.org

আখেরাত

কুরআন

وَاتَّقُوْا يُوْمًالاَّ تَجْزِيْ نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْئًا وَّلايُقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَّلايُؤْخَذُ مِنْهَا عَدْلٌ وَّلاهُمْ يُنْصَرُوْنَ -

উচ্চারণ : ওয়াত্তাকূ ইয়াওমাল লা তাজযী নাফসুন আন নাফসিন শাইয়াও ওয়া লা ইউকবালু মিনহা শাফাআতুও ওয়া লা ইয়ুখাযু মিনহা আদুলও ওয়া লা হুম ইয়ুনছারুন।
(১) আর তোমরা সেদিনের ভয় কারো, যখন কেউ কারও সামান্য উপকারে আসবে না এবং তার পক্ষে কোনো সুপারিশও কবুল হবে না, কারও কাছ থেকে ক্ষতিপূরণও নেয়া হবে না এবং কোনো রকম সাহায্যও পাবে না। (সূরা বাকারা : ৪৮)

وَاتَّقُوْا يَوْمًا لاَّتَجْزِي نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْئًا وَّلايُقْبَلُ مِنْهَا عَدْلٌ وَّلاتَنْفَعُهَا شَفَاعَةٌ وَّلاهُمْ يُنْصَرُوْنَ -

উচ্চারণ : ওয়াত্তাকূ ইয়াওমাল লা তাজযী নাফসূন আন নাফসিন শাইয়াও ওয়া লা ইকবালু মিনহা আদুলুও ওয়া লা তানফাউহা শাফাআতুও ওয়া লা হুম ইয়ুনছারূন।

(২) তোমরা ভয় করো সেদিনকে, যে দিন এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তি বিন্দুমাত্র উপকৃত হবে না, কারও কাছ থেকে বিনিময় গৃহীত হবে না, কারও সুপারিশ ফলপ্রসূ হবে না এবং তারা সাহায্য প্রাপ্তও হবে না। (সূরা বাকারা : ১২৩)

وَكُلُّهُمْ اٰتِيْهِ يَوْمَ الْقِيٰمَةِ فِرْدًا -

উচ্চারণ: ওয়া কুল্লুহুম আতীহি ইয়াওমাল কিয়ামাতি ফারদা।

(৩) কিয়ামতের দিন তাদের সবাই তাঁর কাছে নি:সংগ অবস্থায় একাকী আসবে। (সূরা মারইয়াম: ৯৫)

يَوْمَ لاتَمْلِكُ نَفْسٌ شَيْئًا - وَالاَمْرُ يَوْمَئِذٍلِلّٰهِ -

উচ্চারণ : ইয়াওমা তাশহাদু আলাইহিম আলসিনাতুহুম ওয়া আইদীহিম ওয়া আরজুলুহুম বিমা কানূ ইয়ালামূন।
(৪) সেই দিন (কিয়ামতে) তাদের জিহ্বা তাদের হাত এবং তাদের পা তারা যা কিছু করেছে সে সম্পর্কে সাক্ষ্য দান করবে। (সূরা আন-নূর : ২৪)

يَوْمَ لاتَمْلِكُ نفسٌ لِّنَفْسٍ شَيْئًا - وَالاَمْرُ يَوْمَئِذٍلِّلّٰهِ -

উচ্চারণ: ইয়াওমা লা তামলিকু নাফসুল লিনাফসিন শাইয়ান, ওয়াল আমরু ইয়াওমাইযিন লিল্লাহ।
(৫) এটা সেই দিন যখন কারো জন্য কিছু করার সাধ্য কারো থাকবে না, ফয়সালা সে দিন একমাত্র আল্লাহর এখতিয়ারে থাকবে। (সূরা আল-ইনফিতার : ১৯)

قُلْ لَّكُمْ مِيْعَادُ يَوْمٍ لاَّتَسْتَاخِرُوْنَ عَنْهُ سَاعَةً وَّلاتَسْتَقْدِمُوْنَ -

উচ্চারণ : কুল লাকুম মীআদ ইয়াওমিল লাতাসতা খিরূনা আনহু সাআতাও ওয়া লা তাসতাকদিমূন।

amarboi.org

amarboi.org

(৬) বলুন হে নবী! তোমাদের জন্য একটি সুনির্দিষ্ট দিন নির্ধারিত করা হয়েছে যা এক মুহূর্ত আগে ও পরে করতে তোমারা সক্ষম নও। (সূরা সাবা : ৩০)

ثُمَّ لَتُسْئَلُنَّ يُوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ -

উচ্চারণ : ছুম্মা লাতুসআলুন্না ইয়াওমাইযিন আনিন নাঈম।

(৭) তারপর সেই দিন (কিয়ামতের দিন) তোমাদেরকে দেয়া সকল নেয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। (সূরা আত-তাকাসূর : ৮)

হাদীস

عَنْ اِبْنِ مَسْعُوْدٍ (رض) اَنَّ رَسُوْلَ اللهِ (صلعم) قَالَ كُنْتُ نَهَاكُمْ عَنْ زِيَارَةِ الْقُبُوْرِ فَزُوْرُوْهَا فَاِنَّهَا تُزَّهَدُ فِيْ الدُّنِيَا وَتُذَكِّرُ الاخِرَةِ -

(১) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা) এরশাদ করেছেন, আমি তোমাদেরকে কবর যিয়ারত করতে নিষেধ করেছিলাম। হ্যাঁ, এখন তোমরা করব যিয়ার করো। কারণ কবর যিয়ারত প্রতি অনাশক্তি সৃষ্টি করে দেয় আর পরকালের কথা অন্তরে সজীব করে তোলে।(ইবনে মাজাহ)

عَنْ عَبْدِ اللهِ بِنْ عَمَرَ (رض) قَالَ رَجُلٌ يَانَبِيَّ اللهُ مَنْ اَكْيَاسُ النَّاس وَاَحْزَمُ النَّاس قَالَ اَكْثَرُ هُمْ ذِكْرًا لِّلْمُوْتِ اَكْثَرُهُمْ اِسْتِعْدَادًا اُوْلَئِكَ الاَكْيَاسُ ذَهَبُوْا بِشَرَفِ الدُّنْيَا وَكَرَامَةِ الاخِرَةِ -

(২) হযরত আব্দুল্লাহ ইবনে ওমর হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি বলল: লোকদের মধ্যে অধিক বুদ্ধিমান, জ্ঞানী ও সতর্ক ব্যক্তি কে? উত্তরে নবী করীম (সা) বলেছেন, লোকদের মধ্যে যে মৃত্যুকে সবচেয়ে বেশী স্মরণ করে এবং তার জন্য যে সবচেয়ে বেশী প্রস্তুতি গ্রহণ করে তারাই হচ্ছে প্রকৃত বুদ্ধিমান ও হুশিঁয়ার লোক, তারাই দুনিয়ার সম্মান ও পরকালের মর্যাদা লাভ করতে পারে। (তাবরানী)

عَنْ اِبْنِ عُمَرَ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) مَنْ سَرَّةُ اَنْ يُّنْظُرَ يَوْمَ الْقِيْمَةِ كَانَّهُ رَايَ عَيْنَ فِلْيَقْرَأْ اِذَا الشَّمْسُ كُوِّرَتْ وَاِذَا السَّمَاءُ انْفَطَرَتْ وَاِذَا السَّمَاءُ انْشَقَّتْ -

(৩) হযরত ইবনে উমার (রা) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা) বলেন, কো ব্যক্তি যদি কিয়ামতেটেনশিক্বাক পাঠ করে। (মুসনাদে আহমাদ ও তিরমিযী)

জান্নাত

কুরআন

وَسَارِعُوْ اِلى مَغْفِرَةِ مِنْ رَّرِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّموَاتُ وَالاَرْضُ -

উচ্চারণ: ওয়া সারিউ ইলা মাগফিরাতিম মির রাব্বিকুম ওয়া জান্নাতিন আরদুহাস সামাওয়াতু ওয়ালআরদ।

(১) তোমরা তোমাদের প্রভু পরওয়ারদিগারের ক্ষমা এবং সে জান্নাতের প্রতি দ্রুত ধাবিত হও যার আয়তন আসমানসমূহ ও পৃথিবীর সমান। (সূরা আলে ইমরান : ১৩৩)

وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْا الصَّلِحَتِ أَنَّ لَهُمْ جَنَّتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الاَنْهَار -

amarboi.org

amarboi.org

উচ্চারণ : ওয়া বাশশিরিল্লাযীনা আমানূ ওয়া আমিলুছ ছালাহাতি আন্না লাহুম জান্নাতিন তাজরী মিন তাহতিহাল আনহার।

(২) হে মুহম্মাদ! আপনি সুসংবাদ প্রদান করুন যারা ঈমান এবং নেক আমল করেছে, নিশ্চয়ই তাদের জন্য রয়েছে এমন জান্নাত যার তলদেশ দিয়ে ঝর্ণাসমূহ প্রবাহিত হচ্ছে। (সূরা বাকারা : ২৫)

وَعَدَ اللهُ اَلْمُؤْمِنِيْنَ وَالمُؤْمِنَبَ جَنَّبٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الاِنْهَارُ خَلِدِيْنَ فِيَّهَا وَمَسكِنَ طَيِّبَةً فِيْ جَنَّبٍ عَدْنٍ وَّرِضْوَانٌ مِنَ اللهِ اَكْبَرُ ذَالِكَ هَوْ الْفَوْزُ الْعِظِيْمُ -

উচ্চারণ: ওয়াআ'দাল্লাহুল মুমিনীনা ওয়ালমুমিনাতি জান্নাতিন তাজরী মিন তাহতিহাল আনহারু খলিদীনা ফীহা ওয়া মাসাকিনা তয়্যিবাতান ফী জান্নাতি আদনিও ওয়া রিদওয়ানুম মিনাল্লাহি আকবারু, যালিকা হুয়াল ফাওজুল আযীম।

(৩) আল্লাহ মুমিন নর-নারীকে প্রতিশ্রুতি দিয়েছেন জান্নাতের। যার নিন্মদেশে ঝর্ণাধারা প্রবাহমান, সেথায় তারা চিরদিন থাকবে। এই চির দিন সবুজ শ্যামল জান্নাতে তাদের জন্য রয়েছে পবিত্র পরিচ্ছন্ন বসবাসের স্থান। আল্লাহর সন্তোষ লাভ করে তারা হবে সৌভাগ্যবান আর তা তাদের জন্যে সবচেয়ে বড় সাফল্য। (সূরা তাওবা : ৭২)

وَلَكُمْ فِيْهَا مَا تَشْتَهِيْ اَنْفِسَكُمْ وَلَكُمْ فِيْهَا مَاتَدَّعُوْنَ -

উচ্চারণ: ওয়া লাকুম ফীহা মা তাশতাহী আনফুসুকুম ওয়া লাকুম ফীহা মা তাদ্দাউ'ন।

(৪) জান্নাতে তোমাদের জন্য তোমাদের মন যা চাইবে তা-ই দেয়া হবে এবং তোমরা সেখানে যা চাইবে তা-ই পাবে। (সূরা হা-মীম সিজদা : ৩১)

হাদীস

عَنْ اِبْيْ ذَرٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) مَامِنْ عِنْدٍ قِالَ لاَ اِلهَ اِلاَّ اللهُ - ثُمَّ مَاتَ عَلَى ذَلِكَ اِلاَّ دَخَلَ الْجَنَّةَ -

(১) হযরত আবু যার (রা) বর্ণিত, রাসূল (সা) বলেছেন, কোন ব্যক্তি যদি এ কথার ঘোষণা দেয় লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই এবং এ অনুযায়ী) এবং এরই উপর মৃত্যুবরণ করে তাহলে সে অবশ্যই জান্নাতে যাবে।

عَنْ اِبْ هُرَيْرَةَ (رض) قَالَ قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) قَالَ اللهُ تَعَالَى اَعَدَدْتُّ لِعِبَادِيَ الصَّالِحِيْنَ مَالاَ عِيْنُ رَأَتَ وَلاَأُذُنُ سَمَعْتَ وَلاَخَطَرَ عَلَى قَلْبِ بَشَرٍ -

(২) হযরত আবু হুরায়রা (রা) হতে বর্ণিত, নবী করীম (সা) বলেন, আল্লাহ বলেছেন, আমি আমার সৎকর্মশীল বান্দাহদের জন্য জান্নাতে এমন সব নিয়ামতসমূহ তৈরী করে রেখেছি যা কোন চোখ দেখেনি, কোন কান শুনেনি এবং কোন অন্ত:করণও তা সম্পর্কে ধারণা রাখেনি।(বুখারী, মুসলিম)

amarboi.org

amarboi.org

জাহান্নাম

কুরআন

وَالَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ نَارُ جَهَنَّمَ - لاَيُقْضى عَلَيْهِمْ فَيَمُوْتُوْا وَلاَ يُخَفَّفُ عَنْهُمْ مِّنْ عَذَابِهَا - كَذٰلِكَ نَجْزِيْ كُلَّ كُفُوْرٍ -

উচ্চারণ : ওয়াল্লাযীনা কাফারূ লাহুম নারু জাহান্নামা, লা ইয়ুকদা আলাইহিম ফাইয়ামূতূ ওয়া লা ইয়ুখাফফাফু আনুহম মিন আযাবিহা, কাযালিকা নাজযী কুল্লা কাফূর।

(১) যারা অবিশ্বাসী তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন।তাদের মৃত্যুর আদেশ দেয়া হবে না যে, তারা মরবে এবং তাদের জন্য শাস্তি কমিয়েও দেয়া হবে না, এভাবেই আমি প্রত্যেক কাফিরকে শাস্তি দিয়ে থাকি। (সূরা আল ফাতির : ৩৬)

فِيْ سَمُوْمٍ وَّحَمِيْمٍ - وَظِلٍّ مِّنْ يَّحْمُوْمٍ - لاَبَارِدٍوَّلاَكَرِيْمٍ -

উচ্চারণ : ফী সামূমিও ওয়া হামীমিন ওয়া যিল্লিম মিন ইয়াহমূম, লা বারিদিও ওয়া লা কারীম।

(২) তারা (জাহান্নামের অধিবাসীরা) লু-হাওয়া, টগবগ করা ফুটন্ত পানি এবং কালো ধোঁয়ার মাঝে থাকবে। তা না ঠান্ডা না শাস্তিপ্রদ হবে। (সূরা আল-ওয়াকিয়াহ : ৪২-৪৪)

اِنَّهُ مِنْ رَبَّهُ مُجْرِمًا فِانَّ عَذَابِ جَهَنَّمَ خَالِدُوْنَ -

উচ্চারণ: ইন্নাহূ মাই ইয়াতি রাব্বাহূ মুজারিমান ফাইন্না লাহূ জাহান্নামা লা ইয়ামূতু ফীহা ওয়া লা ইয়াহইয়া।

(৩) যে তার প্রতিপালকের নিকট অপরাধী হয়ে উপস্থিত হবে তার জন্য তো জাহান্নাম। সেথায় সে মরবেও না বাঁচবেও না। (সূরা ত্বহা : ৭৪)

হাদীস

عَنْ اِبْي هُرَيْرَةَ قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) مَنء قَضَاءَ الْمُسْلِمِيْنَ حتّى يَنَالَهُ ثُمَّ غَلَبَ عَدْلَهُ جُوْرُهُ فَلَهُ الْجَنَّة وَمَنْ غَلَبَ جُوْرُهُ عَدَلَهُ فَلَهُ النَّار -

(১) হযরত আবু হুরায়রা (রা) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা) বলেছেন, যে ব্যক্তি মুসলামানের বিচারকের পর্দা প্রার্থনা করলো এবং পদ লাভের পর তার ন্যায় বিচার যুলুমের উপর বিজয়ী হলো, সে জান্নাতবাসী হবে, আর যদি ন্যায় বিচারের উপর যুলুম বিজয়ী হয়ে যায় তবে তার জন্যে জাহান্নাম। (আবু দাউদ)

قَالَ النَّبِيُّ (صلعم) وَاِيَّاكُمْ وَالْكِذْبُ فَانَّ الْكِذْبَ يَهْدِيْ اِلى الفُجُوْر - وَ اِنَّ الفُجُوْرَ يَهْدِيْ اِلى النَّار -

(২) মহানবী (সা) বলেছেন, তোমরা অবশ্যই মিথ্যা হতে দূরে থাকবে। কেননা মিথ্যা মানুষকে পাপ ও নাফরমানীর কাজের দিকে পচি্রচালিত করে। আর পাপ ও নাফরমানী মানুষকে জাহান্নামে নিয়ে যায়।

وَعَنْ عَئِشَة (رض) عَنْهَا اَنَّ النَّبِيُّ (صلعم) قَالَ الْحُمَّي مِنْ فِيْح جَهَنَّمَ فَابْرِدُوْهَا بَالْمَاء -

amarboi.org

amarboi.org

(৩) হযরত আয়িশা (রা) থেকে বর্ণিত, নবী করীম (সা) বলেছেন, জ্বর জাহান্নামের প্রচন্ড উত্তাপের অংশ বিশেষ। তোমরা পানি দিয়ে তা ঠান্ডা কর। (বুখারী, মুসলিম)

ব্যক্তিগত রিপোর্ট

কুরআন

اِقْرَأْ كِتَابَكَ كَفٰى بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ حَسِيْبًا ـ

উচ্চারণ: ইকরা কিতাবাকা কাফা বিনাফসিকাল ইয়াওমা আলাইকা হাসীবা।

(১) আপন কর্মকর্তা কর্মের রেকর্ড পড়! আজ তোমার হিসাব দেয়ার জন্য তুমিই যথেষ্ট। (সূরা বণী ঈসরাইল : ১৪)

اِذْ يَتَلَقَّى الْمُتَلَقِّيٰنِ عَنِ الْيَمِيْنِ وَعَنِ الشِّمَالِ قَعِيْدٌ ـ مَا يَلْفِظُ مِنْ قَوْلٍ اِلاَّ لَدَيْهِ رَقِيْبٌ عَتِيْدٌ ـ

উচ্চারণ: ইয যিয়াতালাক্কাল মুতালাক্কীয়ানি আনিল ইয়ামীনি ওয়া আনিশ শিমালি কাইদু, মা ইয়ালফিযু মিন কাওলিন ইল্লা লাদাইহি রাকীবুন আতীদ।

(২) দু'জন লেখক তাদের ডানে বামে বসে সব কিছু রেকর্ড করে চলেছে। তাদের (মানুষ) মুখ থেকে এমন কথাই বের হয় না যা রেকর্ড করার জন্য একজন সজাগ সচেতন প্রহরী উপস্থিত না থাকবে। (সূরা আল-কাফ্ব : ১৭-১৮)

হাদীস

قَالَ رَسُوْلُ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لِرَجُلٍ وَهُوَ يَعِظُهُ : اِغْتَنِمْ خَمْسًا قَبْلَ خَمْسٍ شَبَابَكَ قَبْلَ هَرَمِكَ وَصِحَّتَكَ قَبْلَ سُقْمِكَ وَغِنَاكَ قَبْلَ فَقْرِكَ وَفَرَاغَكَ قَبْلَ شُغْلِكَ وَحَيَاتَكَ قَبْلَ مَوْتِكَ ـ (مشكوة)

(১) জনৈক ব্যক্তিকে উপদেশ দিতে গিয়ে রাসূলুল্লাহ (সা) বললেন : পাঁচটি বিষয়ের আগে বিষয়ের প্রতি (সময় থাকতেই) গুরুত্ব প্রদান কর-

- বার্ধক্য আসার আগে যৌবনের
- রোগাক্রান্ত হওয়ার আগে স্বাস্থের,
- দারিদ্র আসার আগে সচ্ছলতার,
- ব্যস্ত হয়ে যাবার আগে অবসর সময়ের,
- মৃত্যু আসার আগে জীবনের। (মেশকাত)

আত্মসমালোচনা

কুরআন

اِقْتَرَبَ لِلنَّاسِ حِسَابُهُمْ وَ هُوْ فِيْ غَفْلَةٍ مُّعْرِضُوْنَ ـ

উচ্চারণ: ইকতারাবা লিন্নাসি হিসাবুহুম ওয়া হুম ফী গাফলাতিম মু'রিদূন।

(১) মানুষের হিসাব অতি নিকটে ঘানিয়ে আসছে অথচ তারা গাফলতির মধ্যে বিমুখ হয়ে রয়েছে। (সূরা আম্বিয়া : ১)

amarboi.org

amarboi.org

وَلَتُسْئَلُنَّ عَمَّا كُنْتُمْ تَعْلَمُوْنَ -

উচ্চারণ: ওয়া লাতুসআলুন্না আম্মা কুনতুম তালামূন।
(২) তোমাদের কার্যক্রম সম্পর্কে তোমাদেরকে অবশ্য অবশ্যই জিজ্ঞাসাবাদ করা হবে। (সূরা নাহল : ৯৩)

اِنَّ اللهَ سَرِيْعُ الْحِسَابِ -

উচ্চারণ : ইন্নাল্লাহা সারীউ'ল হিসাব।

(৩) নিশ্চিত জেনো, আল্লাহ অতি দ্রুত হিসাব গ্রহণকারী। (সূরা আলে ইমরান : ১৯৯)

وَاِنَّهُ لَذِكْرٌلَّكَ وَلِقَوْمِكَ - وَسَوْفَ تُسْئَلُوْنَ -

উচ্চারণ: ওয়া ইন্নাহূ লাযিকরুলাকা ওয়া সাওফা তুসআলূন।

(৪) অবশ্যই এই কিতাব আপনার জন্যে এবং আপনার জাতির জন্যে অতি বড় মর্যাদার বিষয়। আর শীঘ্র আপনাদেরকে তার জন্যে জিজ্ঞাসাবাদ করা হবে। (সূরা যুখরুফ : ৪৪)

اِنَّ اِلَيْنَا اِيَابَهُمْ - ثُمَّ اِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ -

উচ্চারণ: ইন্না ইলঅইনা ইয়াবাহুম, ছুম্মা ইন্না আ'লাইনা হিসাবাহুম।
(৫) সন্দেহ নেই তাদেরকে আমার কাছেই ফিরে আসতে হবে। অত:পর তাদের হিসাব নিকাশ গ্রহণ করা আমারই কাজ। (সূরা গাশিয়া : ২৫-২৬)

فَلَنَسْئَلَنَّ الَّذِيْنَ اُرْسِلَ اِلَيْهِمْ وَلَنَسْئَلَنَّ الْمُرْسَلِيْنَ -

উচ্চারণ: ফালানাসআলুন্নাল্লাযীনা উরসিলা ইলাইহিম ওয়া লানাসআলান্নাল মুরসালীন।

(৬) যাদের প্রতি রাসূল পাঠান হয়েছিল আমি তাদের অবশ্য অবশ্যই জিজ্ঞাসাবাদ করবো এবং অবশ্যই নবী-রাসূলগণকেও জিজ্ঞাসাবাদ করব। (সূরা আরাফ : ৬)

হাদীস

قَالَ رَسُوْلُ اللهِ (صلعم) اَلْكَيْسُ مَنْ دَانَ نَفْسَهُ وَعَمِلَ لِمَا بَعْدَ الْمَوْتِ وَالْعَاجِزُ مَنْ اَتْبَعَ نَفْسَهُ هُوَاهُ وَ تَمَنَّى عَلَى اللهِ -

(১) আল্লাহর রাসূল (সা) বলেছেন, যে ব্যক্তি নিজের নাফসকে নিয়ন্ত্রণ করে এবং মৃত্যুর পরবর্তী জীবনের জন্য কাজ করে। সেই প্রকৃত বুদ্ধিমান। আর যে ব্যক্তি নিজেকে কুপ্রবৃত্তির গোলাম বানায় অথচ আল্লাহর নিকট প্রত্যাশা করে সেই অক্ষম। (তিরমিযী)

www.amarboi.org

amarboi.org